

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd
রাজশাহী শিক্ষা বোর্ড, বাংলা



স্মারক নম্বর-বাক্সি(এ/শাধি)-২/প.নি-৫৭৪

তারিখ-২৪/১১/২০২১

বিষয় : বোর্ডের বিভিন্ন ধরনের আর্থিক লেন-দেন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সোনালী ব্যাংকে অনলাইন শাখায় একাউন্ট খোলা প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, বোর্ডের প্রায় সকল ধরনের আর্থিক লেন-দেন সোনালী ব্যাংকের মাধ্যমে করা হয়। বোর্ডের বিভিন্ন ধরনের ফিস সংগ্রহ বা প্রয়োজনে প্রতিষ্ঠানকে কোন অর্থ প্রদান বা যে কোন ধরনের আর্থিক লেন-দেন সহজে ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের নামে সোনালী ব্যাংকে একাউন্ট থাকা একান্ত জরুরী হয়ে পড়েছে। **এক্ষেত্রে যে সকল প্রতিষ্ঠানের পূর্বেই হুবহু প্রতিষ্ঠানের ইংরেজি নামে সোনালী ব্যাংকের একাউন্ট আছে সে সকল প্রতিষ্ঠানের নতুন করে একাউন্ট করার প্রয়োজন নেই।** তবে একাউন্টের নাম অবশ্যই বিদ্যালয় বা কলেজের ইংরেজি নামে হতে হবে। বোর্ডের ওয়েবসাইটে বিদ্যালয়/কলেজের নাম যেভাবে ইংরেজিতে আছে হুবহু সেভাবেই একাউন্টের নাম নির্ধারণ করতে হবে। অন্যথায় একাউন্ট নম্বর গ্রহণযোগ্য হবে না। তবে একাউন্ট করা থাকলে হুবহু বিদ্যালয়/কলেজের নামে করার জন্য ব্যাংকের মাধ্যমে সংশোধন করা যাবে।

এমতাবস্থায়, যে সকল প্রতিষ্ঠানে প্রতিষ্ঠানের ইংরেজি নামে সোনালী ব্যাংকে একাউন্ট নেই তাদেরকে সত্বর সোনালী ব্যাংকে একাউন্ট খুলতে হবে এবং যেসকল প্রতিষ্ঠানের পূর্বেই প্রতিষ্ঠানের হুবহু ইংরেজি নামে একাউন্ট আছে উভয় প্রতিষ্ঠানকে আগামী ২২ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে বোর্ডের ওয়েবসাইটে নির্ধারিত প্যানেলের মাধ্যমে একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্য প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, সোনালী ব্যাংক একাউন্ট খোলার ব্যাপারে সার্বিক সহযোগিতা করবে।

বিষয়টি অতীব জরুরী।

প্রয়োজনে : সোনালী ব্যাংক হিসাব আপডেট করার জন্য রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট-www.rajshahieducationboard.gov.bd এ প্রবেশ করে : **প্রতিষ্ঠান লগইন-এ** ক্লিক করে User id: EIIN No. এবং Password (জেএসসি/এসএসসি/এইচএসসি রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত প্রথম Password) ব্যবহার করে User Profile-এ ক্লিক করতে হবে এবং Add Bank Account Information-এ ক্লিক করে সোনালী ব্যাংক Account আপডেট করা যাবে।

চেয়ারম্যানের আদেশক্রমে



ড. মো: মোয়াজ্জেম হোসেন

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রধান শিক্ষক/অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান

বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নম্বর-বাক্সি(এ/শাধি)-২/প.নি-৫৭৪(৬)

তারিখ-২৪/১১/২০২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১-৪. পরীক্ষা নিয়ন্ত্রক/বিদ্যালয় পরিদর্শক/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (এই পত্রটি অত্র বোর্ডের

ওয়েবসাইটে প্রকাশ করার জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

৫. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

৬. অফিস নথি



সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী